মেহেরপুরে হেরোইনসহ ৩ যুবক আটক

মেহেরপুরে মাদকবিরোধী অভিযান চালিয়ে ১২ গ্রাম হেরোইনসহ ৩ মাহফুজুর রহমান (৩০), মোঃ মিলন (৪০) ও মোঃ রাসেল (২৫) নামের যুবককে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। শনিবার দুপুরে সদর উপজেলা বুড়িপোতা গ্রাম থেকে তাদেরকে আটক করা হয়।

আটক মাহফুজুর রহমান মেহেরপুর শহরের পেয়াদা পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে, মিলন শহরের বেড় পাড়া এলাকার মৃত রেজাউলের ছেলে এবং রাসেল একই এলাকার আসান আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের এসআই সুলতান মাহমুদের নেতৃত্বে, এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাহাতাব উদ্দিন, এএসআই আহসান হাবীব সহ সঙ্গীয় ফোর্স নিয়ে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামে অভিযান চালিয়ে তাদের ৩ জনকে আটক করে।

পরে তাদের কাছ থেকে ১২ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। তাদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে কৃষক প্রশিক্ষণ

মেহেরেপুর গাংনীতে কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজলো কৃষি অফিসারের উদ্যোগে পিএসকেএস সভা কক্ষে দুইদিনের প্রশক্ষিণের আয়োজন করা হয়। প্রশক্ষিণ সমাপনীতে অংশ গ্রহন করেন কৃষি বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

অনাবাদি পতিত জমি ও বাড়রি আঙ্গীনায় পারিবারি পুষ্টি বাগান স্থাপনরে মাধ্যমে পরিবারের পুষ্টি করনের লক্ষ্যে এ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সমাপনী অনুষ্ঠানে গাংনী উপজলো কৃষি অফিসার লাভলী

খাতুনের সভাপতত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রাসারণ অধিদপ্তরের পরিচালক (ক্রপস উইং) জাহিদুল আমিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের অতিরিক্তি পরিচালক হৃদয়েশ^র দত্ত, কুষ্টিয়া উপ-পরিচালক শুশান্ত কুমার প্রমাণিক, মেহেরপুর উপ-পরিচালক সামসুল আলম, অতিরিক্ত উপ-পরিচালক এ কে এম কামরুজ্জামানসহ বিভিন্ন এলাকার কৃষক কৃষাণী অংশ গ্রহণ করনে।

কোটচাঁদপুরে রেল লাইন থেকে অজ্ঞাত বৃদ্ধের মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে রেললাইন থেকে অজ্ঞাত (৬০) এক প্রতিবন্ধী বৃদ্ধের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার সকালে কোটচাঁদপুর রেলস্টেশনের অদূরে ৪৭ নম্বর পিলারের নিকট থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

কোটচাঁদপুর থানার উপ-পরিদর্শক হারুন অর রশিদ জানান,ঘটনাস্থল থেকে আবু সাঈদ নামের এক ব্যক্তি জরুরী সেবা ৯৯৯ এ কল করেন। পরে ৯৯৯ থেকে আমাদেরকে অবহিত করে দুর্ঘটনার কথা জানায়। তিনি বলেন, লাশটির কোন পরিচয় পাওয়া যায়নি। তবে ৫৫ থেকে ৬০ বছর বয়স হবে। মৃত ব্যক্তির একটা চোখ অন্ধ ও একটি পা প্রতিবন্ধী। ধারনা করা হচ্ছে ট্রেন থেকে পড়ে, তার মৃত্যু হয়েছে। খবর পেয়ে রেলওয়ে যশোর জিআরপি পুলিশ লাশটি উদ্ধার করেছেন। এ ব্যাপারে রেলওয়ে যশোর জিআরপি পুলিশের উপ-পরিদর্শক শহিদুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করা হয়েছে। ময়না তদন্তের জন্য যশোরে নিয়ে যাওয়া হবে। তবে কোন ট্রেন থেকে পড়ে তার মৃত্যু হয়েছে, তা বলা যাচ্ছে না। বিষযটি নিয়ে কোটচাঁদপুর রেলস্টেশনের স্টেশন মাস্টার নুরুল ইসলাম জানান, আমি কিছুই জানতাম না। পরে বিষয়টি শুনেছি।তবে কোন ট্রেনে কিভাবে এ দূর্ঘটনা ঘটেছে তা, বলতে পারব না।

[redacted]

[redacted]

মেহেরপুরে জেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

দেশব্যাপী আওয়ামী সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য লাগামহীন বৃদ্ধির কারণে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়।

শনিবার সকালের দিকে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির পল্লী উন্নয়ন বিষয়ক সম্পাদক ও সাবেক পানি সম্পদ প্রতিমন্ত্রী অ্যাড. গৌতম চক্রবর্তী।

এসময় তিনি বলেন, এই সরকার শুধু অর্থ লুট করে বাংলাদেশর গণতন্ত্রকে হত্যা করছে দ্রব্যমূল্যের সীমাহীন উর্দ্ধোগতির কারণে এদেশের জনগণ আজ নিপিড়ীত নিঃস্ব। যত দিন যাচ্ছে এই সরকারের সন্ত্রাস ও নৈরাজ্যে ততোই বৃদ্ধি পাচ্ছে।

আমার সব জায়গায় বিক্ষোভ করতে পারি না আজকের এই টা মেহেরপুর জেলা বলে সম্ভব হচ্ছে। মেহেরপুর জেলা বিএনপি’ অতি শক্তিশালী একটি ঘাঁটি। এই মেহেরপুর জেলাই স্বৈরাচার হাসিনার সরকার পতনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

তিনি আরো বলেন, আমাদের শত শত নেতাকর্মীদের হত্যা করা হয়েছে আমাদের ৬ শত নেতাকর্মীদের গুম করা হয়েছে, হাজার হাজার নেতাকর্মীর বিরুদ্ধে মামলা দেওয়া হয়েছে। কিন্তু এখন এই সরকারের সময় শেষ হয়ে এসেছে।

আপনারা প্রস্তুত থাকুন যেকোনো সময় বৃহত্তর আন্দোলনের ডাক আসবে আর যখনি আমারা আন্দোলন করবো এই সরকার ভেষে যাবে বঙ্গোপসাগরে। আমরাই প্রতিষ্ঠা করবো একটি গণতান্ত্রিক ও সুশীল সরকার।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, খুলনা বিভাগ বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, মেহেরপুর জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ

মিল্টন,সাধারণ সম্পাদক মোঃ আমজাদ হোসেন।

পৌর বিএনপির সাভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সাইফুল ইসলাম, মোঃ আমিরুল ইসলাম, সদস্য সচিব হারুন অর রশিদ বাচ্চু, জুলফিকার আলি ভুট্টো, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম প্রমুখ।

এ সময় জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা সমাবেশে অংশগ্রহণ করেন।

মেহেরপুর শহরে দুটি দোকানে চুরি

মেহেরপুর শহরে পৃথক দুটি দুধর্ষ চুরির ঘটনা ঘটেছে। এতে ওই দোকান দুটি থেকে নগদ টাকা, সিম কোম্পানীর রিচার্জ কার্ডসহ প্রায় লক্ষাধিক টাকার বিভিন্ন মালামাল নিয়ে গেছে। শুক্রবার দিবাগত রাতের কোনো এক সময়

মেহেরপুর শহরের পুরাতন বাস স্ট্যান্ড পাড়া এলাকা আনকমন স্টোর ও হোটেল বাজার মোড়ে রাজু ফল ঘর এন্ড টেলিকমে এ চুরির ঘটনা ঘটে। ওই দুটি দোকানেরই উপরের টিন কেটে চুরির ঘটনা ঘটায় চোরের দল ।

আনকমন স্টোরের মালিক মোঃ শফিকুল ইসলাম সেন্টু বলেন আমার ১ লক্ষ ১০থেকে ১৫ হাজার টাকা মতো ক্ষতি হয়েছে।

সিগারেট কেনার জন্য দোকানের ক্যাশ বাকসে নগদ ৩০-৩৫ হাজার টাকা ছিলো। এছাড়া ৮০ হাজার টাকা মতো বিভিন্ন নামি-দামি ব্র্যান্ডের সিগারেট নিয়ে গেছে চোর।

অন্যদিকে মেহেরপুর হোটেল বাজার মোড়ে রাজু ফল ঘর এন্ড টেলিকমে উপরের টিন কেটে চুরির ঘটনা ঘটে।

রাজু ফল ঘর এন্ড টেলিকমের মালিক মোঃ জাহাঙ্গীর হোসেন রাজু বলেন

আমার দোকান থেকে ১০ – ১৫ হাজার টাকা মতো মোবাইল রিচার্জ ও এমবি কার্ড নিয়ে গেছে। আরো বলেন দোকানে অন্যন্যদিন কিছু টাকা পয়সা রেখে যায়। গতকাল সব নিয়ে গেছি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহ দারা খান জানান, পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছে। ইতোমধ্যে একজনকে এ ঘটনার সাথে জড়িত সন্দেহের চোখে রাখা হয়েছে। তাকে জিজ্ঞাসবাদের জন্য যে কোনো সময় থানায় নেয়া হবে।

হরিণাকুণ্ডুতে ১৩ টি গাঁজার গাছসহ আটক-১

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে মোঃ আবদুর রহমান ওরফে ছোট বুড়ো (৪০) নামের এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। আটক আবদুর রহমান ৩নং তাহেরহুদা ইউনিয়নের খলিশাকুন্ডু গ্রামের মৃত. কাশেম মোল্লার ছেলে ৷

শুক্রবার আনুমানিক রাত ১০ টায় সময় গোপন সংবাদের ভিত্তিতে হরিণাকুন্ডু থানা পুলিশ অভিযান চালিয়ে আসামীর পানের বরজ হতে ১৩ টি গাজার গাছসহ আসামী গ্রেপ্তার করেন ৷

হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম এর নির্দেশক্রমে হরিণাকুণ্ডু থানা পুলিশের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে এসআই হুমায়ুন আহমেদে ও পুলিশ সদস্যরা উপস্থিত থেকে আসামীকে গ্রেফতার করেন।

পরবর্তীতে সাংবাদিকদের গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন।

বারাদী ইউনিয়নে জাসদের মনোনীত প্রার্থী প্লাবন

ইউনিয়ন পরিষদ নির্বাচনে মেহেরপুর সদর উপজলার বারাদী ইউনিয়নে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) এর দলীয় মনোনয়ন পেলেন মো: নুর উছ সাফা প্লাবন।

দলীয় সিদ্ধান্ত মতে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) এর মেহেরপুর জেলা শাখার সাধারণ মাহাবুব চান্দু আজ শনিবার (১৪ মে) সকালে তার হাতে দলীয় মনোনয়ন পত্র তুলে দেন। তার দলীয় প্রতিক মশাল।

মো: নুর উছ সাফা প্লাবন মেহেরপুর জেলা যুবজোটের সভাপতি হিসেবে সততা ও দক্ষতার সাথে দায়ীত্ব পালন করে আসছেন।

মো: নুর উছ সাফা প্লাবন জানান, বিভিন্ন সেবা দিয়ে এলাকার মানুষের পাশে থেকে কাজ করেছি। এলাকার মানুষও আমাকে ভালবাসেন। আমি এলাকার কাঙ্খিত উন্নয়নে নিজেকে নিয়োজিত করবো।

মেহেরপুরে পুলিশের অভিযানে তিনজন গ্রেফতার, হেরোইন উদ্ধার

পুলিশের নিয়মিত অভিযানে একজন মাদক কারবারীসহ আদালতের পরোয়ানাভূক্ত দুই আসামীকে গ্রেফতার করেছে।

এদের মধ্যে মেহেরপর সদর থানা পুলিশ দুই জন ও মুজিবনগর থানা পুলিশ একজনকে গ্রেফতার করেছে।

শুক্রবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছে।

মুজিবনগর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) শোভাষ আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ২ গ্রাম হেরোইনসহ হেকমত আলীর ছেলে আলমগীর হোসেনকে গ্রেফতার করে।

আজ শনিবার (১৪ মে) সকালে গ্রেফতাকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে পুলিশ।

সুন্দর বাংলাদেশ

শুধু নামাজ আদায় নয়, ইসলামি গবেষণা, সংস্কৃতি ও জ্ঞানচর্চার কেন্দ্রবিন্দু হিসেবে মসজিদ ব্যবহার করা মুসলিমদের ঐতিহ্য। যদিও আগের সে ঐতিহ্য এখন আর নেই। মসজিদগুলো এখন ব্যবহার হয় শুধু নামাজের জন্যই। বর্তমান সরকার সারাদেশে দৃষ্টিনন্দন ৫৬০ টি মডেল মসজিদ নির্মাণ করছে।

গাংনী উপজেলা পরিষদের প্রাণ কেন্দ্রে প্রায় ১৩ কোটি ১৭ লাখ টাকা ব্যায়ে নির্মাণাধীন মসজিদটি শোভা পাচ্ছে স্ব-মহিমায়।